দৈনিক সংবাদ

তারিখ ... ...JAN. 17.2000 ...
পৃষ্ঠা ... কলাম ......

## উচ্চ মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যায়

# ভর্তি পরীক্ষার প্রক্রিয়ায় শিক্ষার্থীদের জীবন থেকে খোয়া যায় দেড় বছর

শামীম মাহমুদ ঃ দেশের বিশ্ববিদ্যালয় ও মেডিক্যালসমূহের প্রতিসেশনে শিক্ষার্থীরা এক থেকে দেড় বছরের সেশন জটের বোঝা নিয়ে ভর্তি হচ্ছে। এইচএসসি পরীক্ষা শেষ হওয়ার পর থেকে বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হওয়া পর্যন্ত এই দীর্ঘ সময় ছাত্রছাত্রীকে অহেতুক বসে থাকতে হচ্ছে।

বুয়েট, মেডিক্যাল ও বিশ্ববিদ্যালয়গুলো এই সময় ব্যয় করছে প্রথম বর্ষ অন্যার্স কোর্সে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সেশন জট বৃদ্ধির পাশাপাশি একাডেমিক কার্যক্রমে বিঘ্ন ঘটছে। অপরদিকে বিশ্ববিদ্যালয়গুলোতে তীব্র আসন সংকট থাকলেও ভর্তির পদ্ধতিগত জটিলতা ও প্রশাসনিক দীর্ঘসূত্রতার কারণে অনেক প্রতিষ্ঠানেই প্রতিবছর বহু আসন খালি থেকে যায়। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা এক সাথে ৩-৪ জায়গায় আবেদন করার ফলে ভর্তি প্রক্রিয়া শেষে একটি বাদে বাকি আসনগুলো খালি পড়ে থাকে। এই সমস্যা সমাধানকল্পে শিক্ষা মন্ত্রণালয় ১৯৯৫ সালে সকল সরকারি বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি পদ্ধতি চালুর উদ্যোগ নেয়। এ লক্ষে বিশ্ববিদ্যালয়গুলোর ভিসিদের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের কয়েকদফা বৈঠকও অনুষ্ঠিত হয়। সে বৈঠকে সমন্বিত ভর্তি কার্যক্রম সংক্রান্ত খসড়াও প্রণীত হয়।

কিন্তু আমলাতান্ত্রিক জটিলতা ও সরকার পরিবর্তের দরুণ এ বিষয়ে আর কোন চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। দেশের শীর্ষস্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলতি সেশনের ভর্তি পরীক্ষার তারিখ এখনো নির্ধারিত হয়নি। এ সম্পর্কে জানতে চাইলে ভিসি অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী 'সংবাদ'কে জানান, অনার্স কোর্সে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত নিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২-৩ দিনের মধ্যেই বৈঠকে বসবে। উল্লেখ্য, গত বছর মে মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

ইতোমধ্যে সরকারি মেডিক্যাল কলেজসমূহ এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। বুয়েটে আগামী ২২শে জানুয়ারি এবং মেডিক্যালে ২৫শে ফেব্রুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে বুয়েটে নতুন সেশনের ক্লাস আগামী বছরের আগে শুরু নাও হতে পারে।

দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় এবং বিআইটিসমূহে এখনো ভর্তি কার্যক্রম শুরু হয়নি। এ সবকটি শিক্ষা প্রতিষ্ঠানই অতিরিক্ত সেশনজট কবলিত। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ শেষ হয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১লা ফেব্রুয়ারি থেকে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ফরম বিতরণ শুরু হবে আগামী ১৮ই জানুয়ারি থেকে এবং জমা দেয়ার শেষ তারিখ ৮ই ফেব্রুয়ারি। খুলনা বিশ্ববিদ্যালয় এবং সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি কার্যক্রম চলছে। এর মধ্যে শাহজালাল বিশ্ববিদ্যালয়ে চলমান অচলাবস্থার কারণে ভর্তি কার্যক্রমে জটিলতা **ভর্তি পরীক্ষা** ঃ পৃঃ ২ কঃ ৪

### ভর্তি পরীক্ষা ঃ দীর্ঘ প্রক্রিয়া

( ১ম পৃষ্ঠার পর )

দেখা দিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিভিন্ন কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে ভর্তি কার্যক্রম চলছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা জানান, ভাল ভাল বিশ্ববিদ্যালয়ে অনেক পরে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবার ফলে ছাত্রছাত্রীরা বিভিন্ন কলেজসমূহের ভর্তি বাতিল করে ঐসব বিশ্ববিদ্যালয়ে চলে যায়। যার দরুণ অপেক্ষমাণ তালিকা থেকে শূন্য আসনগুলো পূরণ করতে হয়। এতে করে ক্লাস শুরু করতে অনেক সময় পেরিয়ে যায়।

উল্লেখ্য, '৯৯ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে গত আগস্ট মাসে। সেশন জট কমিয়ে আনার লক্ষ্যে বোর্ডসমূহ পরীক্ষা শেষ হওয়ার ৩ মাসের মধ্যে ফল প্রকাশ করেছিল।